# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ হেদায়াত, কবর, অনুবাদ, আয়াতসমূহের মর্যাদা, রাসূলুল্লাহ (ﷺ)-এর আত্মীয়গণ, মিরাজ, কিয়ামতের আলামত ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ৪. রাসূলুল্লাহ (ﷺ)-এর পুত্রগণ

রাসূলুল্লাহ (ﷺ)-এর পুত্রগণের নাম ও সংখ্যার বিষয়ে ঐতিহাসিকদের কিছু মতভেদ আছে। কাসিম এবং ইবরাহীম-এ দু পুত্রের কথা অনেক সহীহ হাদীসে উল্লেখ করা হয়েছে এবং এদের বিষয়ে সকল ঐতিহাসিক একমত। কোনো কোনো ঐতিহাসিক ও সীরাত লেখক তাইয়িব, তাহির, আব্দুল্লাহ, মুতাইয়াব ও মুতাহ্হার নামে আরো ৫ পুত্রের নাম উল্লেখ করেছেন। এদের মধ্যে তাইয়িব ও তাহিরের নাম প্রসিদ্ধ। এ সকল বর্ণনামতে রাসূলুল্লাহ (ﷺ)-এর সন্তানদের সংখ্যা ৭ পুত্র ও ৪ কন্যা মোট ১১ জন।

ইবরাহীম ছাড়া রাসূলুল্লাহ (ﷺ)-এর সকল সন্তানের মাতা খাদীজাতুল কুবরা (রা)। কাসিম, তাহির ও অন্যান্য পুত্র মক্কায় জন্মগ্রহণ করেন এবং শিশু বয়সেই মৃত্যু বরণ করেন। প্রথম পুত্র কাসিম নুবওয়াতের পূর্বে মক্কায় জন্মগ্রহণ করেন। দু বছর বা তার কম বয়সে তিনি ইন্তেকাল করেন। কাসিমের নাম অনুসারে আরবীয় নিয়মে রাসূলুল্লাহ (ﷺ)-কে ‘আবুল কাসিম’ অর্থাৎ ‘কাসিমের আববা’ কুনিয়াত বা উপনামে ডাকা হতো। অন্যান্য পুত্রের জন্ম ও ওফাত সম্পর্কে তেমন কিছু জানা যায় না।

রাসূলুল্লাহ (ﷺ)-এর দাসী-স্ত্রী মারিয়া কিবতিয়ার গর্ভে মদীনায় তাঁর কনিষ্ঠ পুত্র ইবরাহীম জন্মগ্রহণ করেন। তিনি ৮ হিজরী সালে জন্মগ্রহণ করেন এবং ১৭ বা ১৮ মাস বয়সে ১০ হিজরীতে ইন্তেকাল করেন। ওয়াকিদী উল্লেখ করেছেন যে, তিনি ১০ হিজরীর রবিউল আউয়াল মাসের ১০ তারিখ মঙ্গলবার ইন্তেকাল করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7270

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন